



## পাকিস্তান-লেবানন সেনাপ্রধানদের সৌজন্যে বৈঠক



ছবি: সংগৃহীত

পাকিস্তান ও লেবাননের সেনাপ্রধানদের মধ্যে অনুষ্ঠিত বৈঠকে আঞ্চলিক নিরাপত্তা পরিস্থিতি, সামরিক সহযোগিতা এবং দ্বিপাক্ষিক সম্পর্ক জোরদারের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়েছে। বৈঠকে উভয় দেশ প্রতিরক্ষা খাতে সহযোগিতা আরও সম্প্রসারণে সম্মত হয়েছে।

মঙ্গলবার (৯ জুন) কাতারভিত্তিক সংবাদমাধ্যম আল জাজিরার এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়।

পাকিস্তান সেনাবাহিনীর জনসংযোগ বিভাগ আইএসপিআর জানায়, লেবাননের সেনাপ্রধান রোডলফ হাইকাল রাওয়ালপিণ্ডিতে পাকিস্তান সেনাবাহিনীর জেনারেল হেডকোয়ার্টার্স (জিএইচসিউ) সফর করেন। সেখানে তিনি পাকিস্তান সেনাবাহিনীর প্রধান ফিল্ড মার্শাল আসিম মুনিরের সঙ্গে বৈঠক করেন।

আলোচনায় পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিষয়, আঞ্চলিক নিরাপত্তা পরিস্থিতির পরিবর্তন এবং সামরিক সহযোগিতা বৃদ্ধির বিভিন্ন দিক গুরুত্ব পায়। সফরের শুরুতে লেবাননের সেনাপ্রধানকে জিএইচসিউতে গার্ড অব অনার প্রদান করা হয়।

বৈঠকে আসিম মুনির লেবাননের সশস্ত্র বাহিনীর সঙ্গে প্রতিরক্ষা সম্পর্ক আরও শক্তিশালী করার বিষয়ে পাকিস্তানের অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন।

বিশ্লেষকদের মতে, মধ্যপ্রাচ্যে চলমান উত্তেজনার মধ্যে এই বৈঠক বিশেষ গুরুত্ব বহন করছে। একই সময়ে পাকিস্তান আঞ্চলিক স্থিতিশীলতা বজায় রাখতে বিভিন্ন দেশের সঙ্গে কূটনৈতিক ও সামরিক যোগাযোগ বাড়িয়ে চলেছে।